JAN. 28 2001

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ৭০ কলাম ... ২ ...

ভোরের কাগজ

# বা.কৃ.বি শিক্ষক সমিতির নির্বাচনকে কেন্দ্র করে ক্যাম্পাসে শিক্ষকদের মাঝে ব্যাপক উৎসাহ

## গতকাল ছিল মনোনয়নপত্র জমাদানের শেষ দিন

**বা.কৃ.বি প্রতিনিধি :** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির ৩১ জানুয়ারি বুধবার অনুষ্ঠিত নির্বাচনে গতকাল ২৭ জানুয়ারি ছিল মনোনয়নপত্র জমাদানের শেষ দিন। নির্বাচনকে কেন্দ্র করে ক্যাম্পাসে শিক্ষকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে। প্রার্থীরা শিক্ষকদের চেম্বার ও বাসায় গিয়ে ভোট প্রার্থনা করছে।

ইতিমধ্যে মুক্তিযুদ্ধের পক্ষের সংগঠন ও আওয়ামী লীগ সমর্থিত 'গণতান্ত্রিক শিক্ষক ফোরাম' নির্বাচনের প্যানেল ঘোষণা করেছে। আওয়ামী লীগপন্থী প্যানেলে প্রার্থীরা হচ্ছেন- সভাপতি প্রফেসর ড. মোঃ মোহসীন আলী (একোয়াকালচার), সহসভাপতি প্রফেসর ড. মোঃ আবদুর রহমান সরকার (কৃষিতত্ত্ব), কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ খায়রুল আনাম (শারীর স্থান ও তত্ত্ব বিভাগ), সাধারণ সম্পাক সহযোগী প্রফেসর ড. মোহাম্মদ শামছুদ্দিন (সার্জারি ও অবস্টেট্রিক্স বিভাগ), যুগ্ম-সম্পাদক মোঃ সাজ্জাদ হোসেন (একোয়াকালচার), সদস্য প্রফেসর ড. বিলাস কান্তি বালা (কৃষি শক্তি ও যন্ত্র), প্রফেসর ড. মোঃ শহীদুল হক (ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প), প্রফেসর ড. মোঃ আবুল বাসার (কৃষি অর্থ সংস্থান), প্রফেসর ড. মোঃ ফেরদৌস মণ্ডল (উদ্যান তত্ত্ব বিভাগ), মোঃ আজহারুল হক (পশু প্রজনন ও কৌলি বিজ্ঞান)।

অপরপক্ষে বিএনপি ও জামাত সমর্থিত শিক্ষকদের সংগঠন 'সোনালী দলের ঘোষিত প্যানেলে প্রার্থীরা হচ্ছেন- সভাপতি প্রফেসর ড. মোঃ মোশারফ হোসাইন মিঞা (মৃত্তিকা বিজ্ঞান), সহসভাপতি প্রফেসর ড. মোঃ মোতাহার হোসেন মণ্ডল (প্যারা সাইটোলজি), কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আব্দুর রহমান হাউলিদার (পোল্ট্রিবিজ্ঞান), সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ গোলাম রাব্বানী (উদ্যানতত্ত্ব), যুগ্ম-সম্পাদক সহযোগী প্রফেসর ড. আবু জোফার মোহাম্মদ মোসলেহউদ্দীন (মৃত্তিকা বিজ্ঞান), সদস্য প্রফেসর ড. মোঃ মোশারফ হোসেন (কীটতত্ত্ব), প্রফেসর ড. মোঃ ইদ্রিস মিয়া (ম্যানেজমেন্ট), প্রফেসর ড. এম মোক্তারুজ্জামান (ডেইরি বিজ্ঞান), প্রফেসর ড. এ কিউ এম বজলুর রশীদ (প্লান্টপ্যাথলজি), প্রফেসর ড. মোঃ নুরুল ইসলাম (ফুড টেকনোলজি), সহযোগী প্রফেসর ড. মোঃ আকতারুজ্জামান (কৃষি অর্থনীতি)।

শিক্ষক সমিতির বিদায়ী সভাপতি প্রফেসর ড. মোঃ মনসুরুল আমিন প্রিসাইডিং অফিসার হিসেবে নির্বাচন পরিচালনা করবেন। বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সকাল ১০টা থেকে দুপুর ২ ঘটিকা পর্যন্ত এক টানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচনে মোট ভোটার সংখ্যা ৪০৯। উল্লেখ্য, গণতান্ত্রিক শিক্ষক ফোরামের একাংশ প্রফেসর ড. মোঃ শহীদউল্লাহ তালুকদারের নেতৃত্বে নির্বাচনে অংশগ্রহণ থেকে বিরত থাকার সিদ্ধান্ত নিয়েছে। গত ২২ জানুয়ারি এ সংক্রান্ত এক জরুরি সাধারণ সভায় এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়।